দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
শুধু দেশ ও জনগণের পক্ষে

ঢাকা মঙ্গলবার, ২১ আশ্বিন ১৪১৬, ০৬ অক্টোবর ২০০৯

# মানব উন্নয়ন সূচক

ড. এম. আজিজুর রহমান

Human Development Index বা HDI বলতে আমরা বুঝি মানুষ এবং মানুষ ও মানব জাতির সংশ্লিষ্টতায় উন্নয়ন সম্পৃক্ত উৎপাদন ও উৎপাদনশীল কর্মকাণ্ড। Human Development বলতে বুঝি মানব জাতির উন্নতি, উন্নতি সাধন, বিকাশ সাধন ও বিকাশ লাভ, কল্যাণমুখী বর্ধনশীল এবং মানুষ ও মনুষ্য জাতির ক্রমবিকাশ ও বিবর্তনশীলতা। Human Development Index বলতে ব্যক্তি মানুষ, পরিবার, দশ ও দেশ, জাতি এবং একটি মানব জাতির সাথে অন্য একটি জাতির তুলনামূলক মানবিক উন্নয়নের মাপ ও পরিমাপকাঠি হিসেবে দাড়িপাল্লা, মানবিক উন্নয়নের মাপকাঠির তুলনামূলক সূচক ও সাংকেতিক সংখ্যা নির্দেশ ও নির্দেশক মূলমন্ত্র ইত্যাদি পরিষ্কারভাবে বিভিন্ন জাতির বোধগম্য সাপেক্ষে একটি গ্রহণযোগ্য common equation তৈরী করা। এরূপ সূত্রকেই আমরা Human Development Index (HDI) বলছি। এরূপ একটি সূত্র তৈরী করতে মানব উন্নয়নের প্রয়োজনীয় সর্বরকম ব্যবহৃত উপকরণ এবং এর ফলশ্রুতি হিসেবে প্রত্যাশিত মানব উন্নয়ন যেমন একটি মানুষের বিভিন্ন ধরনের খাওয়া-পড়া, জীবন চলার পথে প্রয়োজনীয় দ্রব্যাদি ও সেবামূলক দ্রব্যাদির যোগান বা সরবরাহ ইত্যাদি এবং ফলশ্রুতি হিসেবে মানব উন্নয়নের পরিমাণ, উৎপাদন, উৎপাদনে ব্যবহৃত বিভিন্ন উপকরণ, পরিতৃপ্ততা এবং মানসিক জ্ঞানসম্পন্ন শ্রমের ইত্যাদি অনেক কিছু ব্যবহার করে বিভিন্ন জাতির মানব উন্নয়নের তুলনাসাপেক্ষে যে পরিমাপ সূত্রটি তৈরী করা হয় তাকেই বলা হয় Human Development Index।

বিভিন্ন মানব জাতির মানব উন্নয়নের তুলনামূলক পরিমাণ নির্ণয়সাপেক্ষে UNDP কর্তৃক HDI ধারণাটির উদ্ভাবন হয়। যার সুনির্দিষ্ট উদ্দেশ্য হল শরীর, স্বাস্থ্য, মনমানসিকতা, মানসিক ও শারীরিক স্বাস্থ্য এবং মানুষের কল্যাণ, মঙ্গল, সুখ-স্বাচ্ছন্দ্য ও আরাম-আয়েস ইত্যাদির সংশ্লিষ্টতায় বিভিন্ন দেশের মানুষের তুলনামূলক একটি পরিসংখ্যান। HDI-এর অন্তর্ভুক্ত অনেক গুরুত্বপূর্ণ বিষয় তাকে যেমন- শারীরিক বিষয়, প্রত্যাশিত জীবন ও জৈবিক ক্রিয়া সংক্রান্ত, মনমানসিকতা, আবেগপ্রবণতা, সামাজিকতা, শিক্ষা ও আর্থিক সংস্থান ও গ্রহণযোগ্য সাংস্কৃতিক সংশ্লিষ্টতা ইত্যাদি মানব উন্নয়ন বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড। HDI-এর বিস্তার, আয়তন এবং মাত্রা হিসেবে সাধারণত এর তিন ধরনের আকার বা মাত্রার কথা আন্তর্জাতিক গবেষণাপত্রে উল্লেখ করা হয়। প্রথমত জীবনের জন্ম থেকে আয়ুষ্কাল, কল্যাণ ও মঙ্গল বিশেষ করে শিশু ও শিশুদের নিরাপত্তাসংশ্লিষ্ট সুখ-স্বাচ্ছন্দ্য। দ্বিতীয়ত বয়স্ক শিক্ষার হার অর্জন এবং স্কুল গমনের গড়পরতা বছর। তৃতীয়ত মাথাপিছু আয় বা মোট দেশজ উৎপাদন (GDP)। সর্বত্রভাবে বিভিন্ন জাতির জন্য গ্রহণযোগ্য HDI হল সংক্ষিপ্ত গড়পরতা মানবকল্যাণ বা মঙ্গল এবং সুখ-স্বাচ্ছন্দ্য বা আরাম-আয়েসের হিসাব-নিকাশের আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য সূচক বা সূত্র। HDI সূচকটি United Nation কর্তৃক স্বীকৃতপ্রাপ্ত এবং গ্রহণযোগ্য। HDI-কে আমরা আরও অনেক গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করে থাকে। মানবিক উন্নয়নের প্রেক্ষিতে কিভাবে একটি দেশ ও জাতিকে Ranking/Rating করতে হয় এবং কোন্ দেশটি উন্নত, কোন্ দেশটি উন্নয়নশীল এবং কোন্ দেশটি অনুন্নত ইত্যাদি।

উপরে উল্লেখিত বিষয়গুলো সংক্ষেপে পুনরায় উল্লেখ করলে যা দাঁড়ায় তা হল HDI কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের গড়পরতা ফলাফল, মাপ ও পরিমাপ যা হল মানুষের আয়ুষ্কাল, বয়স্ক শিক্ষার হার, বয়স্কদের স্কুলের গমনের গড়পরতা বছর এবং মাথাপ্রতি আয় বা GDP ইত্যাদি। সংক্ষেপে HDI নির্ধারণে এ সবগুলো প্রতিটি দেশ ও জাতির মানব উন্নয়নসাপেক্ষে তুলনামূলক কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রযোজ্য। UNDP-এর মতে, এটা হল HDI পরিমাপের বিশ্বব্যাপী প্রযোজ্য ও গ্রহণযোগ্য মানব উন্নয়ন পরিমাপের একটি পদ্ধতি। কারণ এ পরিমাপ পদ্ধতির ভেতরে মানুষের শিক্ষা, স্বাস্থ্য, নিয়োগ ও উপার্জনসহ সকল গুরুত্বপূর্ণ বিষয়গুলো আওতাভুক্ত করার সুযোগ রয়েছে। একটি দেশের অর্থনৈতিক নীতিনির্ধারণ এবং নীতিনির্ধারণ কতটুকু মানসম্পন্ন ইত্যাদি পরিমাপ ও যাচাই করার সুযোগ-সুবিধা ও সম্ভাবনা উল্লেখিত HDI পদ্ধতির আওতাভুক্ত। UN-এর সদস্যভুক্ত দেশের সংখ্যা ১৯২টি, এর ভেতরে ১৫টি দেশের বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ তত্ত্বের অভাবে সর্বমোট ১৭৭টি জাতিসংঘ সদস্য দেশের জন্য প্রয়োগযোগ্য এবং তুলনামূলক কার্যক্রমের স্বার্থে ১৭৭টি দেশকে HDI-এর গবেষণার স্বার্থে আওতাভুক্ত করা হয়।

উদাহরণস্বরূপ ঃ The Republic of China (ROC) government calculated its HDI as of 2005 to be 0.932 based on the following data : life expectancy of 77.4 years, adult literacy rate of 97.3%, combined gross enrollment rate of 100% and GDP per capita (PPP) of US$ 28,552। উত্তর ও দক্ষিণ আমেরিকার দেশগুলোর জন্য HDI পদ্ধতি প্রয়োগ করে দশটি সর্বোচ্চ ও সর্বনিম্ন HDI Countries select করা হয়েছে। আমেরিকা ও দক্ষিণ আমেরিকা মিলে সর্বোচ্চ ১০টি Human Development Indexভুক্ত দেশগুলো হল কানাডা, আমেরিকা, বারবাডোজ, চিলি, আর্জেন্টিনা, উরুগুয়ে, কিউবা, বাহামা, কোস্টারিকা ও মেক্সিকো। আমেরিকা ও দক্ষিণ আমেরিকা উপমহাদেশে সর্বনিম্ন ১০টি Human Development Index (HDI)ভুক্ত দেশ হল হাইতি, গুয়াতেমালা, নিকারাগুয়া, হন্ডুরাস, বলিভিয়া, গায়ানা, এলসালভাদার, প্যারাগুয়ে, সেন্ট ভিনসেন্ট এন্ড দ্য গ্র্যানাডাইনস ও ডোমেনিক্যান রিপাবলিক। সর্বোচ্চ HDI আমেরিকান দেশগুলোর ভেতরে Human Development Index (HDI) সর্বনিম্ন ০.৮৪২ থেকে শুরু করে সর্বোচ্চ ০.৯৬৭ পর্যন্ত। সর্বনিম্ন ১০টি দেশের Human Development Index (HDI) ০.৫২১ থেকে ০.৭৬৮ পর্যন্ত। এশিয়া ও ওশেনিয়া উপমহাদেশগুলোর ভেতরে সর্বোচ্চ ১০টি HDI দেশগুলোর ভেতরে রয়েছে অস্ট্রেলিয়া, জাপান, নিউজিল্যান্ড, হংকং, ইসরাইল, দক্ষিণ কোরিয়া, ব্রুনাই, সিঙ্গাপুর, কুয়েত এবং সংযুক্ত আরব আমিরাত। সর্বনিম্ন ১০টি দেশ Timon-Leste, পাপুয়া নিউগিনি, বাংলাদেশ, নেপাল, পাকিস্তান, ইয়েমেন, কম্বোডিয়া, মায়ানমার, সলোমন দ্বীপপুঞ্জ এবং লাউস। প্রত্যাশিতভাবে এশিয়া ও ওশেনিয়া উপমহাদেশের দশটি সর্বনিম্ন দেশের ভেতরে বাংলাদেশ একটি। বিশেষভাবে উল্লেখ্য, পাপুয়া নিউগিনি, বাংলাদেশ এবং নেপালের HDI অতি কাছাকাছি, যথাক্রমে ০.৫১৬, ০.৫২৪ ও ০.৫৩০। উল্লেখিত HDI অনুযায়ী পাপুয়া নিউগিনির চেয়ে বাংলাদেশের উন্নতির হার সম্প্রতিকালে একটু বেশী। কোন দেশের Human Development Index বা HDIটি যদি ০.৫৮০-এর নিচে হয় সে দেশটিকে আমরা অনুন্নত দেশ বলি। যেমন এই সূচকটি ব্যবহার করে আফ্রিকা মহাদেশে অন্ততপক্ষে ২২টি দেশকে অনুন্নত দেশে বিভাজন করা হয়। আবার Human Development Index যদি ০.৮০ থেকে বেশী হয় সে সমস্ত দেশকে আমরা উন্নত দেশ বলি। যেমন আমেরিকা, পশ্চিম ইউরোপ, ওশেনিয়া, পূর্ব এশিয়া, কিছু পূর্ব ইউরোপের দেশ, মধ্য ও দক্ষিণ আমেরিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং তেলসমৃদ্ধ আরব রাষ্ট্রসমূহ। তৃতীয় কোন দেশের Human Development Index যদি ০.৫ থেকে বেশী ০.৮ থেকে কম অর্থাৎ ০.৫ ও ০.৮-এর মাঝামাঝি হয় সেসব দেশকে উন্নয়নশীল দেশ বলা হয়। যেমন- আলবেনিয়া, বেলারোশ, ব্রাজিল, লিবিয়া, ম্যাকেডোনিয়া, রাশিয়া এবং সউদী আরব। উদ্ভাবিত HDI সূচকটি ব্যবহার বা প্রয়োগ করে অতি সম্প্রতি ২০০৮ সালের প্রাপ্ত পরিসংখ্যান অনুযায়ী উন্নত কিছু দেশ ও দেশের নামের সংযোজন ও সংশ্লিষ্ট হালফিলের তালিকা করা হয়েছে। যেমন- আইসল্যান্ড ০.৯৬, নরওয়ে ০.৯৬৮, কানাডা ০.৯৬৭, অস্ট্রিয়া ০.৯৬৫, আয়ারল্যান্ড ০.৯৬, নেদারল্যান্ড ০.৯৫৮, সুইডেন ০.৯৫৮, জাপান ০.৯৫৬, লুক্সেমবার্গ ০.৯৫৬, সুইজারল্যান্ড ০.৯৫৫, ফ্রান্স ০.৯৫৫, আমেরিকা ০.৯৫, স্পেন ০.৯৪৯, বেলজিয়াম ০.৯৪৮, গ্রিস ০.৯৪৭, ইটালি ০.৯৪৫, নিউজিল্যান্ড ০.৯৪৪, যুক্তরাজ্য ০.৯৪২, হংকং, ০.৯৪২, জার্মানি ০.৯৪, ইসরাইল, ০.৯৩, দক্ষিণ কোরিয়া ০.৯২৮, স্লোভানিয়া ০.৯২৩, ব্রুনাই ০.৯১৯, সিঙ্গাপুর, ০.৯১৮, কুয়েত ০.৯১২, সাইপ্রাস ০.৯১২, সংযুক্ত আরব আমিরাত ০.৯০৩, বাহরাইন, ০.৯০২ এবং পর্তুগাল ০.৯০। (অসমাপ্ত)